

নির্বাচন কমিশন  
বাংলাদেশ  
নির্বাচন কমিশন সচিবালয়  
শেরেবাংলা নগর, ঢাকা  
[www.ec.org.bd](http://www.ec.org.bd)

তারিখ : ২৫ ফেব্রুয়ারি ২০১৫

সংবাদ বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন বাংলাদেশ নতুন ভোটার অন্তর্ভুক্তি, সংশোধন ও স্থানান্তরের বিষয়ে **Online** সার্ভিস চালু করা হয়েছে। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার কাজী রকিবউদ্দীন আহমদ আজ এক সংবাদ সম্মেলনের মাধ্যমে এ **Online Service** এর উদ্বোধন করেন। এ সময় মাননীয় কমিশনার মোহাম্মদ আবদুল মোবারক, মোহাম্মদ আবু হাফিজ, ব্রিগে:জেনা:(অব:) মো: জাবেদ আলী, মো: শাহ নেওয়াজ ও নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব মো: সিরাজুল ইসলাম উপস্থিত ছিলেন। এসময় আইডিইএ প্রকল্পের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সুলতানুজ্জামান মো: সালেহ উদ্দিন **Online Service** এর বিভিন্ন দিক সাংবাদিকদের ব্যাখ্যা করেন।

নির্বাচন কমিশন সচিবালয়ের জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ এবং নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক বাস্তবায়নাধীন আইডিইএ প্রকল্পের মাধ্যমে চলমান ভোটার/জাতীয় পরিচয় নিবন্ধন কার্যক্রম ও জাতীয় পরিচয়পত্র সংশোধন কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে **Online Application System** চালু করা হচ্ছে যা [www.ec.org.bd](http://www.ec.org.bd) website এ পাওয়া যাবে। **Online Application System** এ নিম্নোক্ত কার্যক্রম সম্পাদন করা সম্ভব হবেঃ

- নতুন ভোটার হিসাবে রেজিস্ট্রেশনের আবেদন করা;
- রেজিস্ট্রেশনের মাধ্যমে নিজের জন্য **Account** তৈরি করা;
- নিজস্ব তথ্য এবং ভোট কেন্দ্রের তথ্য দেখা;
- নিজস্ব তথ্য পরিবর্তন/ সংশোধন/হালনাগাদ করার জন্য আবেদন করা;
- ছবি, স্বাক্ষর পরিবর্তন, আঙ্গুলের ছাপ গ্রহণ ও অন্যান্য প্রয়োজনে **Appointment** নেয়া;
- হারিয়ে যাওয়া বা নষ্ট হয়ে যাওয়া জাতীয় পরিচয়পত্র প্রতিস্থাপনের জন্য আবেদন করা।

০২। **Online Application System** এর উদ্দেশ্য ও সুবিধা সমূহঃ

- অনলাইন অ্যাপলিকেশনের মাধ্যমে জাতীয় পরিচয়পত্র প্রদর্শিত ও অপ্রদর্শিত উভয় তথ্য দেখার ও তথ্য আপডেট করার সুযোগ;
- অনলাইন অ্যাপলিকেশনের মাধ্যমে তথ্য সংশোধনের জন্য বাড়ি বসেই নিজের সময় ও সুযোগ মত প্রাথমিক আবেদন করার সুবিধা।
- ব্যবহারকারী নিজেই আবেদন করছেন বলে, বানান বা অন্যান্য ধরনের ভুল হবার সুযোগ কম।
- যে কোন ধরনের সংশোধনের জন্য সময় নির্ধারণের সুবিধা (**Appointment**) গ্রহণের সুযোগ।
- নতুন ভোটার হবার জন্য অনলাইন এ আবেদন করার সুযোগ সৃষ্টি করা, এতে করে একজন নাগরিক তার নিজের সুবিধামত সময়ে নিবন্ধনের আবেদন করতে পারবেন।
- আবেদন প্রক্রিয়ার অগ্রগতি পর্যবেক্ষণের সুবিধা
- সংশোধিত জাতীয় পরিচয়পত্র নাগরিকের পছন্দ ও সুবিধা অনুযায়ী বাংলাদেশের যে কোন উপজেলা নির্বাচন কার্যালয় হতে উত্তোলনের সুবিধা।
- নাগরিকগণ জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত সেবার বিভিন্ন হালনাগাদ তথ্য জানতে পারবে।
- ব্যক্তির আবেদনের পর তার সার্বিক প্রক্রিয়া সম্পন্ন করে বিতরণের উপযোগী হলে ব্যক্তির নিকট জাতীয় পরিচয়পত্র উত্তোলনের জন্য স্বয়ংক্রিয়ভাবে নোটিফিকেশন প্রেরণ করা হবে।
- নির্বাচনকালে ব্যক্তি তার জন্য নির্ধারিত ভোটকেন্দ্র সম্পর্কে জানতে পারবে।